

ভালোবেসে যদি সুখ নাহি

তবে কেন—

তবে কেন মিছে ভালোবাসা ।

মন দিয়ে মন পেতে চাহি ।

ওগো কেন—

ওগো, কেন মিছে এ দুরাশা ॥

হৃদয়ে জ্বালায়ে বাসনার শিখা,

নয়নে সাজায়ে মায়ামরীচিকা,

শুধু ঘুরে মরি মরুভূমে ।

ওগো, কেন—

ওগো, কেন মিছে এ পিপাসা ॥

আপনি যে আছে আপনার কাছে

নিখিল জগতে কী অভাব আছে ।

আছে মন্দ সমীরণ, পুষ্পবিভূষণ,

কোকিলকুজিত কুঞ্জ ।

বিশ্বচরাচর লুপ্ত হয়ে যায়,

এ কী ঘোর প্রেম অন্ধরাহ-প্রায়

জীবন যৌবন গ্রাসে ।

তবে কেন—

তবে কেন মিছে এ কুয়াশা ॥

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Kafi

Visit www.geetabitan.com for notation and other detail